# শ্রী রামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

## শ্রেণি —দ্বিতীয়

## বিষয়—বাংলা

### নির্দিষ্ট বিষয়—অনুচ্ছেদ ঋতু (গ্রীষ্ম , বর্ষা)

### ১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

ক) বাংলা বছরে মোট কয়টি মাস?
(নিজে লেখো)

খ) বাংলা বছরে মোট কয়টি ঋতু?(নিজে লেখো)

গ) গ্রীষ্ম ঋতু কোন কোন মাস নিয়ে হয়?

উঃ-বৈশাখ, জ্যৈষ্ঠ

ঘ) বর্ষা ঋতু কোন কোন মাস নিয়ে হয়?

উঃ- আষাঢ়, শ্রাবণ

২) নিচের ছকটি ভালো করে বুঝে মুখস্থ করবে।

| | গ্রীষ্ম | বর্ষা |
|---|---|---|
| আকাশ | পরিষ্কার, মেঘমুক্ত, | কালো মেঘ |
| বাতাস | উত্তপ্ত | জোলো |
| গাছপালা | বিবর্ণ | সবুজ,সতেজ |
| রাস্তাঘাট | পরিষ্কার, শুকনো | কর্দমাক্ত |
| মাটি | ফেটে চৌচির | পিছল |
| নদী-নালা-জলাশয় | শুকিয়ে যায় | জলে পরিপূর্ণ |
| ফল | আম,জাম, লিচু, কাঁঠাল | পেয়ারা,আনারস, |
| ফুল | বেশ, জুঁই, গন্ধরাজ | কেয়া,কদম, বকুল |
| সবজি | পটল, ঢ্যাঁড়স | ঝিঙে, কাঁকরোল |
| উৎসব | নববর্ষ, রবীন্দ্রজয়ন্তী | রথ, জন্মাষ্টমী |

৩) পূর্ণ বাক্যে উত্তর দাও:-

ক) গ্রীষ্ম ঋতুর সুবিধা কী?

উঃ- রাস্তাঘাট ঝকঝকে পরিষ্কার থাকে। সুগন্ধি ফুল ও সুস্বাদু রসালো ফল পাওয়া যায়।

খ) গ্রীষ্ম ঋতুর অসুবিধা কী?

উঃ- অনাবৃষ্টিতে খরা দেখা দেয়।হাম, বসন্ত ইত্যাদি রোগ হয়। ঘামাচি হয়।শরীর সহজে ক্লান্ত হয়। চাষের ক্ষতি হয়। জলের জন্য প্রাণীরা হাহাকার করে।

গ) বর্ষা ঋতুর সুবিধা কী?

উঃ-গ্রীষ্মের প্রচণ্ড দাবদাহ থেকে মুক্তি এনে দেয় বর্ষার বৃষ্টি।শরীর শীতল হয়। চাষের কাজ ভালো হয় বলে বর্ষা চাষীদের প্রিয় ঋতু।

ঘ) বর্ষা ঋতুর অসুবিধা কী?

উঃ-অতিবৃষ্টিতে বন্যা দেখা দেয়।জমাজলে পোকামাকড়ের উপদ্রব বাড়ে। পেটের অসুখ দেখা দেয়।জোলো বাতাসে জামাকাপড় শুকতে চায় না।